



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেইল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

৭ই ডিসেম্বর ২০১৫

মাননীয় অধিকর্তা,  
মৎস্য দপ্তর,  
পশ্চিমবঙ্গ সরকার

বিষয়ঃ সামুদ্রিক মৎস্যক্ষেত্রের উন্নয়নকল্পে আগামী পাঁচ বছরের কর্মপরিকল্পনার প্রস্তাব

মাননীয় মহাশয়া,

রাজ্য মৎস্যদপ্তরে বিগত ১৭ই নভেম্বর ২০১৫ তারিখে অনুষ্ঠিত সভায় দপ্তরের তরফ থেকে সামুদ্রিক মৎস্যক্ষেত্রের সাথে যুক্ত বিভিন্ন সংগঠনের কাছে সামুদ্রিক মৎস্যক্ষেত্রের উন্নয়নকল্পে আগামী পাঁচ বছরের কর্মপরিকল্পনার প্রস্তাব আহ্বান করা হয়। দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম ও সামুদ্রিক মৎস্যক্ষেত্রে তার সহযোগী সংগঠন কাঁথি মহকুমা খটি মৎস্যজীবী ইউনিয়ন, মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্যভেন্ডর ইউনিয়ন, সাগর মৎস্যজীবী ফোরাম ও সুন্দরবন মৎস্যজীবী যৌথ সংগ্রাম কমিটি-র পক্ষ থেকে সংযোজিত প্রস্তাবটি রাজ্য মৎস্যদপ্তরের কাছে পেশ করা হচ্ছে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

প্রদীপ চ্যাটার্জী  
সম্পাদক,  
ন্যাশনাল ফিশওয়ার্কস ফোরাম  
সভাপতি  
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

গোবিন্দ দাস  
সহ-সভাপতি,  
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম  
সম্পাদক  
সুন্দরবন মৎস্যজীবী যৌথ সংগ্রাম কমিটি

দেবাশিস শ্যামল  
সাধারণ সম্পাদক  
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

মিলন দাস  
সহ-সম্পাদক,  
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

সুজয় জানা  
কোষাধ্যক্ষ,  
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম  
সহ-সভাপতি,

গৌতম বেরা  
সভাপতি  
কাঁথি মহকুমা খটি মৎস্যজীবী ইউনিয়ন

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্যভেন্ডর ইউনিয়ন



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

## সামুদ্রিক মৎস্যক্ষেত্রের উন্নয়নকল্পে আগামী পাঁচ বছরের কর্মপরিকল্পনার প্রস্তাব

### প্রারম্ভিক বক্তব্য -

সামুদ্রিক মৎস্যক্ষেত্রের উন্নয়নের সাথে নীতিগত, ব্যবস্থাপনাগত, পরিকাঠামোগত ও সামাজিক সুরক্ষাগত বিভিন্ন বিষয় অবিচ্ছেদ্য ও অপরিহার্যভাবে যুক্ত। জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে মৎস্যক্ষেত্র সংক্রান্ত পর্যালোচনা ও আলোচনার প্রক্রিয়ায় ইতিমধ্যে ভারত সরকার একটি **সামুদ্রিক মৎস্যক্ষেত্র নীতি (২০০৪)** গ্রহণ করেছেন। এছাড়া বিশ্ব খাদ্য সংস্থা (FAO) **দায়িত্বশীল মৎস্যক্ষেত্রের আচরণবিধি (১৯৯৫)** এবং **খাদ্য সুরক্ষা ও দারিদ্র দূরীকরণের প্রেক্ষিতে সুস্থায়ী ক্ষুদ্রায়তন মৎস্যক্ষেত্রের নীতি-নির্দেশিকা (২০১৪)** প্রণয়ন করেছে। ভারত সরকার এই দুটি দলিলেরই অন্যতম স্বাক্ষরকারী। সামুদ্রিক মৎস্যক্ষেত্রের উন্নয়নের বিষয়টি বিবেচনার সময় এই সাধারণ নীতি-নির্দেশগুলিকে মান্যতা দেওয়া প্রয়োজন।

ক্ষুদ্র মৎস্যক্ষেত্রের সাথে যুক্ত মৎস্যজীবী বা মৎস্যকর্মীরা আমাদের উপকূল ও সমুদ্রের প্রাকৃতিক সম্পদ তথা মৎস্য সম্পদের সর্ব-বৃহৎ প্রাথমিক দায়ভাগী (primary stakeholder) শুধু নয়, তারা ঐ সম্পদের স্বাভাবিক রক্ষক। কারণ, ভালো জল ছাড়া ভালো মাছ হয় না। আর সীমিত ক্ষমতার কারণে ক্ষুদ্র মৎস্যজীবীরা সামুদ্রিক মৎস্য সম্পদকে লুণ্ঠ করতে পারেননা, তাদের উদ্যোগ প্রধানতঃ জীবিকা নির্বাহের জন্য মৎস্য আহরণেই নিবদ্ধ থাকে। এই কারণেই সারা পৃথিবীতে ক্ষুদ্রায়তন মৎস্যক্ষেত্রকে অগ্রাধিকার দেওয়া একটি স্বীকৃত নীতি। সামুদ্রিক মৎস্যক্ষেত্রের উন্নয়নের বিষয়টি বিবেচনার সময় ক্ষুদ্রায়তন মৎস্যক্ষেত্রের অগ্রাধিকারকে মান্যতা দেওয়া প্রয়োজন।

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম এ বিষয়ে অবগত আছে যে সামুদ্রিক মৎস্যক্ষেত্র বহু-বিস্তৃত হলেও রাজ্যের জলসীমা বা প্রশাসনিক অধিকার উপকূল থেকে ১২ নটিকাল মাইল বা ২২ কিলোমিটার পর্যন্ত। সেকারণে সামুদ্রিক মৎস্যক্ষেত্র সংক্রান্ত বেশ কিছু অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, যা মৎস্যজীবীদের এবং সেই সঙ্গে রাজ্য সরকারকেও নানাভাবে প্রভাবিত ও চিন্তিত করে, কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপের অপেক্ষা রাখে। দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম এই আশা করে যে যে বিষয়গুলিতে কেন্দ্রীয় সরকারের অংশগ্রহণ বা হস্তক্ষেপ প্রয়োজন সেগুলি কেন্দ্রীয় সরকারের গোচরে আনার জন্য রাজ্য মৎস্যদপ্তর ও রাজ্য সরকার যথাযথ প্রয়াস নেবেন।



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

## নির্দিষ্ট প্রস্তাবাবলী -

### ক। সামুদ্রিক মৎস্যসম্পদের ব্যবস্থাপনা (MANAGEMENT OF MARINE FISHERY RESOURCES) :

#### ১। সুস্থায়ীভাবে আহরণযোগ্য মৎস্য সম্পদ অনুযায়ী মৎস্য শিকারের উদ্যোগ নিয়ন্ত্রণ -

##### • মৎস্য শিকার নৌকার সংখ্যা নিয়ন্ত্রণ

- (১) নতুন যান্ত্রিক মৎস্য শিকার নৌকার পঞ্জীকরণ বন্ধ করা;
- (২) নৌকার পঞ্জীকরণের ক্ষেত্রে 'এক মালিক, এক নৌকা' নীতি গ্রহণ;
- (৩) সুস্থায়ীভাবে আহরণযোগ্য মৎস্য সম্পদের নিরিখে বড় যন্ত্রচালিত নৌকাগুলির মৎস্য আহরণ ক্ষমতা বেশি হলে তাদের সংখ্যা কমানো;
- (৪) ক্ষুদ্র মৎস্য শিকার নৌকার পঞ্জীকরণের ক্ষেত্রে মৎস্য আহরণে সক্রিয়ভাবে নিযুক্ত মালিকের নৌকাকে অগ্রাধিকার দেওয়া;

##### • মৎস্য শিকারের উদ্যোগ নিয়ন্ত্রণ

- (১) ক্ষুদ্র মৎস্য আহরণকারীদের মৎস্য সম্পদ আহরণে অগ্রাধিকার দেওয়ার পর (নং ২ দেখুন) বড় মৎস্য শিকার নৌকাগুলির ক্ষেত্রে মৎস্য শিকারের মাত্রা (Quota) নির্দেশ করে দেওয়া;
- (২) বড় মৎস্য শিকার নৌকাগুলির ক্ষেত্রে মৎস্য শিকারের সময় নির্দিষ্ট করে দেওয়া;

#### ২। মৎস্যসম্পদে ক্ষুদ্র মৎস্যজীবীদের অগ্রাধিকার (Principle of Subsidiarity) -

- (১) ক্ষুদ্র মৎস্যজীবীদের মৎস্য আহরণে প্রথম অধিকার, বৃহত্তর মৎস্য আহরণকারীদের অধিকার তার পর;
- (২) হস্ত চালিত নৌকার জন্য কোন মাছ ধরা বন্ধ রাখার সময় নয়, ক্ষুদ্র মটরচালিত নৌকার জন্য তিন মাস এবং বৃহত্তর মৎস্য শিকার নৌকার জন্য চার থাকে ছয় মাস মাছ ধরা বন্ধ রাখার সময়;
- (৩) ক্ষুদ্র মৎস্য আহরণকারী নৌকার (৩০ হর্স পাওয়ারের কম) ক্ষেত্রে মৎস্য আহরণের একান্ত এলাকা উপকূল থেকে বর্তমানের ১৫ কিলোমিটার থেকে ২২ কিলোমিটার পর্যন্ত বাড়ানো;

#### ৩। ধ্বংসাত্মক মৎস্যশিকার পদ্ধতিগুলির উপর নিষেধাজ্ঞা -

- (১) মশারি জাল দিয়ে চিংড়ির মিন ধরা;
- (২) অপরিণত শিশু মাছ ধরা;
- (৩) বটম ট্রলিং এবং পার্স সিইনিং;

৪। সমুদ্রোপকূলে পরিবেশের ক্ষতিকারক ক্রিয়াকলাপ এবং দূষণ বন্ধ করা - সমুদ্রোপকূলে পরিবেশের ক্ষতিকারক ক্রিয়াকলাপ এবং দূষণ এর উপর নজরদারি, নিয়ন্ত্রণ ও প্রয়োজনে তা বন্ধ করার অধিকার মৎস্যজীবী জনগোষ্ঠীকে দেওয়া প্রয়োজন; এর জন্য আইন-কানুন প্রণয়ন বা সংশোধন করা দরকার;

৫। সামুদ্রিক মৎস্যক্ষেত্রের ব্যবস্থাপনার অধিকার দায়ভাগীদের অর্পণ - সামুদ্রিক মৎস্যক্ষেত্রের ব্যবস্থাপনার অধিকার ক্ষুদ্র মৎস্যজীবীদের প্রধান ভূমিকাসহ দায়ভাগীদের দেওয়া প্রয়োজন;



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

## ৬। আইন-কানূনের কঠোর প্রয়োগ -

(১) পরিদর্শন-নিয়ন্ত্রণ-নজরদারি প্রক্রিয়া অনেক শক্তিশালী হওয়া প্রয়োজন

- মৎস্যদপ্তরের অধীনে উপকূলে প্রয়োজনীয় মানব ও অন্যান্য সংস্থান সমেত পরিদর্শন-নিয়ন্ত্রণ-নজরদারি কেন্দ্রসহ একটি পরিদর্শন-নিয়ন্ত্রণ-নজরদারি শাখা থাকা প্রয়োজন;
- উপকূল পুলিশ এবং উপকূল রক্ষী উভয় সংস্থাকে মৎস্যদপ্তরের সাথে সামঞ্জস্য রেখে পরিদর্শন ও নজরদারিতে যুক্ত করা উচিত;
- আইন ভঙ্গকারীদের শাস্তির বিধান থাকা উচিত এবং শাস্তির পরিমাণ অপরাধ রোধ করার পক্ষে যথেষ্ট ও বড়দের জন্য বেশি ও ছোটদের জন্য কম হওয়া উচিত;

৭। প্রয়োজন একটি কেন্দ্রীয় সামুদ্রিক মৎস্যশিকার নিয়ন্ত্রণ আইন - উপরে বর্ণিত নীতি ও সুপারিশগুলির যথাযথ প্রয়োগের জন্য অনেক ক্ষেত্রেই রাজ্যের জলসীমার বাইরে মৎস্যক্ষেত্রের নিয়ন্ত্রণ প্রয়োজন। এটা সম্ভব হতে পারে রাজ্যের সামুদ্রিক মৎস্যশিকার আইনের সাথে সামঞ্জস্য ও সংযোগ বিধান করে একটি কেন্দ্রীয় সামুদ্রিক মৎস্যশিকার নিয়ন্ত্রণ আইন প্রণয়ন করলে।

৮। সুন্দরবনে মৎস্যজীবীদের মাছ ধরার অধিকার - সুন্দরবনে প্রায় ১ লক্ষ মৎস্যজীবী একদিকে ব্যাঘ্র প্রকল্প ও সংরক্ষিত বনাঞ্চলে মাছ ধরার অধিকার হারিয়ে প্রতিনিয়ত অনিশ্চয়তা ও অত্যাচারের সম্মুখীন হচ্ছেন, আরেকদিকে এখনও সুন্দরবনে বনবাসী অধিকার আইনের প্রয়োগ হয়নি। অবিলম্বে সুন্দরবনে মৎস্যজীবীদের মাছ ধরার অধিকারের স্বীকৃতি প্রয়োজন, আর এর সাথেই প্রয়োজন মৎস্যদপ্তরের সহযোগিতায় সুন্দরবনের মৎস্যসম্পদের মূল্যায়ন আর মৎস্যজীবীদের সক্রিয় অংশগ্রহণে সুস্থায়ীভাবে আহরণযোগ্য মৎস্যসম্পদের সুসম বণ্টন ও সুন্দরবনের প্রকৃতি ও পরিবেশ রক্ষায় মৎস্যজীবী জনগোষ্ঠীগুলির স্বশক্তিকরণ ও সক্রিয়তা।

## খ। মৎস্যজীবীদের নিরাপত্তা (SAFETY OF FISHERMEN) -

- ১। মৎস্যশিকার নৌকাগুলির সমুদ্রযাত্রার যোগ্যতা - মান নির্দেশ করা, নির্দেশিত মান পালন করা, পরিদর্শন;
- ২। নৌকার বিমাকরণ - পুরোন ও বিধ্বস্ত নৌকার পরিবর্তন ত্বরান্বিত করা, নষ্ট হয়ে যাওয়া নৌকার বদলে নতুন নৌকার ব্যবস্থা সহজ করা;
- ৩। সমুদ্রে জীবনের নিরাপত্তার সরঞ্জাম - ব্যাটারি চালিত সিগন্যাল সহ লাইফ জ্যাকেট, বিপদের বার্তা পাঠানোর ব্যবস্থা, সমুদ্রে দুর্ঘটনাগ্রস্ত হলে বেঁচে থাকার কিট;
- ৪। যোগাযোগ ব্যবস্থা - ক্ষুদ্র মৎস্যজীবীদের জন্য উপকূলে মোবাইল টাওয়ার এবং সমুদ্রে রিলে টাওয়ার;
- ৫। উদ্ধার - পর্যাপ্ত উপকরণ এবং যথেষ্ট কর্মী নিয়ে তৎপর উদ্ধার সংস্থা; সামুদ্রিক মৎস্য আহরণকারীদের প্রশিক্ষণ ও জীবন রক্ষায় দক্ষতা বৃদ্ধি;



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

## গ। সামুদ্রিক মৎস্যক্ষেত্রে পরিকাঠামোর বিকাশ (DEVELOPMENT OF MARINE FISHERIES INFRASTRUCTURE) -

মৎস্য অবতরণ কেন্দ্রগুলিতে খটি সমিতিগুলিকে খটির ব্যবহৃত জমি ব্যবহারের আইনী অধিকার প্রদান অত্যন্ত জরুরি বিষয়। অবিলম্বে এই বিষয়ে সরকারের ব্যবস্থা নেওয়া প্রয়োজন। এটি ছাড়া খটির অস্তিত্ব বিপন্ন, উন্নয়নের প্রশ্ন এখানে দ্বিতীয়।

মৎস্যজীবী ও মৎস্যকর্মীদের সাথে আলোচনার মাধ্যমে পরিকাঠামোর প্রয়োজন নিরূপণ করতে হবে যাতে তা যথেষ্ট এবং যথাযথ হয়। মনে রাখতে হবে যে আমাদের উপকূলে অজস্র অনুপযুক্ত এবং অব্যবহৃত পরিকাঠামোগত নির্মাণ চূড়ান্ত অপব্যয়ের নিদর্শণ হিসেবে পড়ে আছে।

সাধারণভাবে বন্দরগুলিতে - (১) নৌকা ভিড়বার যথেষ্ট জায়গা; (২) স্থান নির্দেশক আলো, পানীয় জল, বসবাসের এবং কাজের জায়গা, নিলামের জায়গা, শৌচাগার; (৩) যাতায়াত ও মাল পরিবহনের ব্যবস্থা; এবং (৪) জ্বালানি তেল, বরফ এবং মাছ প্যাকিং করার ব্যবস্থা থাকতে হবে।

মৎস্য অবতরণ কেন্দ্রগুলিতে - (১) অফিস, স্টোর, হিমঘর, জ্বালানি এবং বরফের সুবিধা, রাস্তা, কমিউনিটি সেন্টার, শৌচাগার, পানীয় জল, মাছ শুকানোর চাতাল, সৌর মাছ শুকানোর যন্ত্র, জাল এবং নৌকো সারানোর জায়গা।

সুন্দরবনে প্রত্যন্ত এলাকায় কয়েকটি বরফ কল, মৎস্য জেটি, রাস্তা ইত্যাদির প্রয়োজন। মৎস্য ভেঁড়রদের জন্য সুযোগ-সুবিধা সম্পন্ন বাজার, পরিবহণ, মাছ সংরক্ষণের জন্য ঠান্ডা বাক্স বা হিমঘর ইত্যাদির প্রয়োজন।

পরিকাঠামো ও অন্যান্য উন্নয়নের বিশদ তালিকা নীচে প্রস্তুত করা হয়েছে -



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

## পূর্ব মেদিনীপুর

### • কাঁথি মহকুমা খটি মৎস্যজীবী ইউনিয়ন

ক্র নং	খটির নাম	ব্লক	কমিউনিটি হল প্রয়োজন/ সংস্কার	যোগাযোগ ব্যবস্থার জন্য রাস্তা	পানীয় জল এবং শৌচালয়	অন্যান্য
১	জুনপুট মৎস্য খটি	কাঁথি -১	-----	জুনপুট বাস স্ট্যাণ্ড থেকে খটির মন্দির পর্যন্ত বোল্ডার সহ- যোগে মোরাম রাস্তা ১.৫কিমি	প্রয়োজন	
২	ওয়াশিলচক মৎস্য খটি	খেজুরী-২	প্রয়োজন	বড়বাঁধ থেকে নদীর ধার পর্যন্ত বোল্ডার সহযোগে মোরাম রাস্তা। ২কিমি।	প্রয়োজন	
৩	কাউখালি মৎস্য খটি	খেজুরী-২	প্রয়োজন	বড়বাঁধ থেকে খটি পর্যন্ত মোরাম রাস্তা। ১কিমি	প্রয়োজন	ফিস ডাইং বেড ৫টি
৪	অরকবাড়ী মৎস্য খটি	খেজুরী-২	---	বড়বাঁধ থেকে খটি পর্যন্ত মোরাম রাস্তা। ২কিমি	প্রয়োজন	অরকবাড়ী ও কাউখালি খটির সংযোগকারী খালের উপর কংক্রীট ব্রীজ। ৬০ ফুট।
৫	শৌলা ২ মৎস্য খটি	রামনগর-২	প্রয়োজন	-----	প্রয়োজন	ফিস ডাইং বেড ৫টি
৬	দহসোনামুই মৎস্য খটি	দেশপ্রান	সংস্কার	সিডাইক থেকে খটি পর্যন্ত বোল্ডার সহযোগে মোরাম রাস্তা। ১.৫ কিমি	প্রয়োজন	ফিস ডাইং বেড ১০টি
৭	দাদনপাত্রবাড় মৎস্য খটি	রামনগর-২	সংস্কার	-----	প্রয়োজন	ফিস ডাইং বেড ১০টি
৮	দীঘা মৎস্যজীবী উন্নয়ন সমিতি	রামনগর-১	প্রয়োজন	-----	প্রয়োজন	
৯	বগুড়ান জাল পাই ১ নং মৎস্য খটি	কাঁথি -১	প্রয়োজন	সিডাইক থেকে খটি পর্যন্ত রাস্তা সংস্কার। ১কিমি	প্রয়োজন	-----
১০	শৌলা ১ নং মৎস্য খটি	কাঁথি -১	প্রয়োজন	সিডাইক থেকে খটি পর্যন্ত মোরাম রাস্তা। ১.৫ কিমি	প্রয়োজন	ফিস ডাইং বেড ৫টি



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

১১	পশ্চিম পাঁচুড়িয়া প্রধান মৎস্য খটি	খেজুরী-২	সংস্কার	কমিউনিটি হল থেকে নদীর পাড় পর্যন্ত মোরাম রাস্তা। ৩কিমি	প্রয়োজন	ফিস ডাইং বেড ৫টি
১২	বগুড়ান জাল পাই ২নং মৎস্য খটি	কাঁথি -১	প্রয়োজন	সিডাইক থেকে খটি পর্যন্ত রাস্তা সংস্কার। ১.৫কিমি	প্রয়োজন	ফিস ডাইং বেড ৫টি
১৩	গোপালপুর মৎস্য খটি	দেশপ্রাণ	প্রয়োজন	পিচ রাস্তা থেকে খটি পর্যন্ত মোরাম রাস্তা। ১৫০০ফুট	প্রয়োজন	ফিস ডাইং বেড ৫টি
১৪	দক্ষিণ কাদুয়া মৎস্য খটি	দেশপ্রাণ	সংস্কার	সিডাইক থেকে খটি পর্যন্ত মোরাম রাস্তা। ১কিমি	প্রয়োজন	ফিস ডাইং বেড ১০টি
১৫	চৈঁওয়াশুলি ২ মৎস্য খটি	রামনগর-২	প্রয়োজন	-----	প্রয়োজন	ফিস ডাইং বেড ৫টি
১৬	হরিপুর মৎস্য খটি	কাঁথি -১	-----	-----	প্রয়োজন	ফিস ডাইং বেড ১০টি
১৭	পাঁচুড়িয়া মৎস্য খটি	খেজুরী-২	প্রয়োজন	-----	প্রয়োজন	ফিস ডাইং বেড ৫টি
১৮	নানকার গোবিন্দপুর মৎস্য খটি	খেজুরী-২	প্রয়োজন	PMGSY থেকে খটি পর্যন্ত মোরাম রাস্তা। ১কিমি	প্রয়োজন	
১৯	থানাবেড়্যা মৎস্য খটি	খেজুরী-২	প্রয়োজন	-----	প্রয়োজন	ফিস ডাইং বেড ৫টি

## পূর্ব মেদিনীপুর

### • মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্যভেন্ডর ইউনিয়ন

সাধারণ মৎস্যজীবীরা (মৎস্যচাষী বা মৎস্যশিকারী) ক্ষুদ্র মৎস্য ভেন্ডরের উপর নির্ভরশীল। ভেন্ডারদের পেশাগত ও সামাজিক মানোন্নয়ন না হলে সাধারণ মৎস্যজীবীদের সার্বিক উন্নয়ন কখনই সম্ভব নয়। পূর্ব মেদিনীপুর জেলার উপকূলীয় মৎস্য ভেন্ডারদের সার্বিক বিকাশের লক্ষ্যে আগামী ৫ বছরের একটি প্রকল্প দেওয়া হল :

১। গুরুত্বপূর্ণ ৩২ টি মাছের বাজার আধুনিকীকরণ। (পর্যাপ্ত জল, আলো, প্লাটফর্ম, ছাউনী, শৌচাগার (মহিলাদের আলাদা), প্রয়োজনে স্টোররুম ইত্যাদিসহ)।

২। গুরুত্বপূর্ণ ২৫ টি নৈশ মাছ বাজারের জন্য সৌরবাতি।(ভেন্ডার সংখ্যা অনুযায়ী বরাদ্দ করা উচিত)।

৩। গুরুত্বপূর্ণ ৫ টি রাস্তা সংস্কার।(এছাড়া প্রতিটি খুঁটি থেকে মূল রাস্তা পর্যন্ত সংস্কার প্রয়োজন)।

৪। ঠান্ডাবাক্স - ৭৫০০ টি

৫। ওজন যন্ত্র - ৬০০০ টি

৬। মোটর সাইকেল - ৩৫০০ টি

৭। আবাসন - ৩০০০ টি

৮। বার্ষিক্যভাতা - ২০০০ জন





# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

মাছের বাজার আধুনিকীকরণ				
বছর	বাজার	রুক	ভেন্ডার সংখ্যা	মন্তব্য
১ম	সাতমাইল	কাঁথি ১	১৩০	
	রাউতারা	কাঁথি ১	৩৫	
	বালিসাই	রাম ২	৮০	
	পিছাবনি	রাম ২	১২০	
	ভবানীচক	এগরা ২	৫০	
	বালিঘাই	এগরা ২	১৪০	
২য়	এগরা বাজার	এগরা ১	৮০	
	জনকা	খেজুরি ২	৪০	
	দুবদা	এগরা ২	৩০	
	কালিন্দী	রাম ২	৪০	
	রামনগর বাজার পুরানো	রাম ১	১৫০	
	দারুয়া	কাঁথি ১	৭০	
৩য়	কাঁথি সুপার মার্কেট	কাঁথি ১	২৫০	
	কেসুর কুন্দা	কাঁথি ১	৩৫	
	নীলপুর	কাঁথি ৩	৬০	
	পানিপারুল	এগরা ২	১০০	
	খেজুরী বটতলা	খেজুরি ২	৩৫	
	কুদি	এগরা ১	৬০	
৪র্থ	জুনপুট	কাঁথি ১	২৫	
	মুকুন্দপুর	দেশপ্রাণ	৫০	
	থানাবেড়িয়া	খেজুরি ২	৩০	
	বালকবাড়	রাম ১	৪০	
	কাঠপুলবাজার	রাম ২	৫০	
	বাথুয়াড়ি	এগরা ২	৩০	
	কানপড়াহাট	রাম ২	৩০	





# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

৫ম	মাজনা	কাঁথি ১	৬০	
	দইসাই	কাঁথি ৩	৩০	
	আলাদারপুট	দেশপ্রাণ	৪০	
	ঢোলমারি	দেশপ্রাণ	৪০	
	শীপুরচাটলা	এগরা ২	৪০	
	শ্যামপুর	খেজুরি ২	৩০	
	সাবাজপুট	কাঁথি ১	৬০	

## সাক্ষ্য মাছের বাজারের জন্য সৌর বাতি

বছর	বাজার	রুক	ভেণ্ডার সংখ্যা	মন্তব্য
১ম	কেসুরকুন্দা	কাঁথি ১	৩৫	
	মাজনা	কাঁথি ১	৬০	
	মাইতিহাট	রামনগর ২	২০	
	বালিসাই	রামনগর ২	৮০	
	বালিঘাই	এগরা ২	১৪০	
২য়	পানিপারুল	এগরা ২	১০০	
	ভবানীচক	এগরা ২	৮০	
	বিদ্যাপীঠ	খেজুরি ২	৩০	
	জনকা	খেজুরি ২	৪০	
	ঢোলমারি	দেশপ্রাণ	৪০	
৩য়	মুকুন্দপুর	দেশপ্রাণ	৫০	
	মীরগোদা	রাম ১	৩০	
	দেপাল	রাম ২	২০	
	বারোমাইল	রাম ২	২০	
	আলাদারপুট	দেশপ্রাণ	৩৫	
৪র্থ	দইসাই	কাঁথি ৩	৩০	
	জুনপুট	কাঁথি ১	২৫	
	পিছাবনিমিকবাড়	কাঁথি ১	৩৫	
	ডাউকী	কাঁথি ১	৩০	
	মাজনা	কাঁথি ১	৬০	
৫ম	দারুয়া	কাঁথি ১	৭০	
	মহাকাল চৌদ্দমাইল	কাঁথি ১	১৫	
	বটতলা	খেজুরি ২	৩৫	
	থানাবেড়িয়া	খেজুরি ২	৩০	
	শ্যামপুর	খেজুরি ২	২৫	



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

রাস্তা সংস্কার		
বছর	রাস্তা	ব্লক
১ম	দহসোনামুই খটি থেকে রসুলপুর-কাঁথি পীচ রাস্তা পর্যন্ত	দেশপ্রাণ ব্লক
২য়	নীলপুর বাজার থেকে দীঘা-হাওড়া পীচ রোড পর্যন্ত	কাঁথি ৩
৩য়	বাথুয়াড়ি বাজার থেকে কাঁথি-মেদিনীপুর পীচ রাস্তা পর্যন্ত	এগরা ২
৪র্থ	কানপড়্যা হাট থেকে পিছাবনি হাট পর্যন্ত	রামনগর ২
৫ম	হরিপুর খটি জুনপুট পর্যন্ত	কাঁথি ১

এছাড়া গুরুত্বপূর্ণ মৎস্যখটিগুলি থেকে পীচ রাস্তা পর্যন্ত রাস্তা সংস্কার প্রয়োজন

অন্যান্য সহায়তা					
	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
* ঠান্ডাবাক্স	২০০০ টি	২০০০	১৫০০	১০০০	১০০০
* ওজন যন্ত্র	১৫০০	১৫০০	১০০০	১০০০	১০০০
* মোটর সাইকেল	১০০০	১০০০	৭০০	৫০০	৩০০
আমার বাড়ি (আবাসন)	১০০০	৮০০	৫০০	৫০০	২০০
বার্ষিক্যভাতা প্রকল্প	৫০০	৫০০	৪০০	৩০০	৩০০

\* এই উপকরণগুলির ক্ষেত্রে বিনা পয়সায় বিতরণের পরিবর্তে সরকারি ভর্তুকি প্রয়োজন



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

## দক্ষিণ ২৪ পরগণা

### সাগর ব্লক

#### সাগর মৎস্যজীবী মেরিন সমবায় খটি সমিতি লিমিটেড

- ১। বরফ কল। বরফ কলের জমির বিবরণ-  
জমির মালিক- সাগর মৎস্যজীবী মেরিন সমবায় খটি সমিতি লিমিটেড  
মৌজা- বেগুয়াখালী,  
থানা- সাগর,  
জেলা- দঃ ২৪ পরগণা।  
খতিয়ান নং- ১৬৯২,  
জে. এল. নং- ০৩৬,  
দাগ নং- ১০০২/১০৩৮  
মোট জমির পরিমাণ- ৩৩ শতক।
- ২। নলকূপ ৩ টি।
- ৩। সোলার লাইট।
- ৪। শৌচালয়।
- ৫। কমিউনিটি হল। কমিউনিটি হল নির্মাণের জন্য জমির বিবরণ-  
ক) মৌজা- সাগর। জে. এল. নং- ৩৭, খতিয়ান নং-১, দাগ নং- ৬।  
খ) মৌজা- গঙ্গাসাগর, জে. এল. নং- ৩৮, খতিয়ান নং-১, দাগ নং- ২১০১।  
মোট জায়গা= ক+খ= ৪১ একর ২০ শতক।

#### সাগর সঙ্গম মেরিন মৎস্যজীবী খটি সমবায় সমিতি লিঃ

- ১। শৌচালয়
- ২। প্লাটফর্ম
- ৩। ইটপাতা রাস্তা
- ৪। নলকূপ।
- ৫। সোলার ড্রায়ার।
- ৬। বিহুন্দি জাল।
- ৭। ভুটভুটি।
- ৮। সোলার বাতি।

#### মহিষামারী হাতীপিটিয়া মেরিন খটি মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড

- ১। গভীর নলকূপ ২ টি।
- ২। শৌচালয় ৫ টি।
- ৩। পথবাতি ২ টি।
- ৪। ৪৮০ মিটার ইট পাতা রাস্তা (সুবল দাসের বাড়ি থেকে গোপাল রঞ্জিতের বাড়ি পর্যন্ত)।
- ৫। খালের উপর একটি কংক্রিট ব্রিজ।



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

## সুমতিনগর মা গঙ্গা মৎস্য শিকারী খুঁটি সমবায় সমিতি লিমিটেড

- ১। নলকূপ।
- ২। জাল।
- ৩। যন্ত্রচালিত বোট।
- ৪। সাইকেল ও ইনসুলেটর বক্স।
- ৫। শৌচালয়।
- ৬। গীতাঞ্জলী ঘর।
- ৭। প্রত্যেক মৎস্যজীবীকে সেভিংস কাম রিলিফ।
- ৮। বার্ষিক্য ভাতা।
- ৯। কমিউনিটি হল। কমিউনিটি হল করার জন্য জমির বিবরণ- মৌজা- সুমতি নগর, জে. এল. নং- ২২, খতিয়ান নং- ৩৪, দাগ নং- ১২৫৪-১৩০০, পরিমাণ- ১০ শতক।

## সুমতিনগর মা বিশালক্ষ্মী মৎস্যজীবী সমবায় খুঁটি সমিতি লিঃ

- ১। ইটেরে রাস্তা (সাতশবিঘাপয়না হইতে পশুপতি গায়নের বাড়ি পর্যন্ত)।
- ২। নলকূপ ২ টি।
- ৩। সোলার বাতি ২টি।
- ৪। শৌচালয়।
- ৫। মাছ শুকানোর চাতাল।
- ৬। কমিউনিটি হল।
- ৭। সাইকেল ও ইনসুলেটর বক্স।
- ৮। গীতাঞ্জলী ঘর।
- ৯। প্রত্যেক মৎস্যজীবীকে সেভিংস কাম রিলিফ।
- ৮। বার্ষিক্য ভাতা।

## নামখানা বুক

### চন্দনপিড়ি সামুদ্রিক খুঁটি মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড

- ১। নদী বাঁধের ঢালে মাছ শুকানোর জায়গায় (২.৮ একর) ফিশ ড্রাইং ইয়ার্ড নির্মান।
- ২। সমিতির নিজস্ব ৫ শতক জায়গায় (মৌজা- দক্ষিণ চন্দনপিড়ি, জে. এল. নং- ৫৫/১২, খতিয়ান নং- ১৬৩৯, দাগ-৩৬৭২/৩৮০২) কমিউনিটি হল ও কমিউনিটি শৌচালয়।
- ৩। ৫ টি সোলার বাতি।
- ৪। ১ টি পানীয় জলের কল।
- ৫। ৫০০ মিটার পাকা রাস্তা।
- ৬। ০.৭ টন ধারণ ক্ষমতা বিশিষ্ট ১০ টি ইঞ্জিন চালিত কাঠ/ফাইবারের ডিঙি। প্রতিটির খরচ আনুমানিক ৮০ হাজার টাকা। এই খরচের ৩০% সমিতি সরকারকে দিতে প্রস্তুত।
- ৭। সমিতির ৩০ টি হাল-দাঁড়ের ডিঙিতে বসানোর জন্য ৩০ টি ৫.৫-৭.৫ অশ্বশক্তি ইঞ্জিন (প্রোপেলার ফিটিংসসহ)। প্রতিটির খরচ আনুমানিক ৩০ হাজার টাকা। এই খরচের ৩০% সমিতি সরকারকে দিতে প্রস্তুত।



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

৮। শুকনো মাছ যাতে ৬ মাস রাখা যায় তার জন্য ছোট প্যাকেজিং ইউনিট।

## কুলতলি ব্লক

### দেউলবাড়ি

- ১। ৫০০ মিটার রাস্তা।
- ২। নলকুপ ২ টি।
- ৩। সোলার বাতি ৫ টি।
- ৪। কমিউনিটি হল।
- ৫। শৌচালয়।

### গুড়গুড়িয়া সামুদ্রিক মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড

- ১। জেটি।
- ২। নলকুপ ২ টি।
- ৩। সোলার বাতি ৫ টি।
- ৪। কমিউনিটি হল।
- ৫। শৌচালয়।
- ৬। বরফ কল। জমির বিবরণ- মৌজা- মধ্য গুড়গুড়িয়া, জে. এল. ৪৪, খতিয়ান- ৫০৬, দাগ- ৯৩০/৯৩১/৯৩২, পরিমাণ- ১৬.৫ শতক।

### মৈপিঠ

- ১। জেটি।
- ২। নগেনাবাদ নদীর ঘাট থেকে শনিবারের বাজার পর্যন্ত কংক্রিটের রাস্তা।
- ৩। বাজারে শৌচাগার।

## কুলপি ব্লক

### ট্যাংরাচর মৎস্যজীবী ফোরাম

ট্যাংরাচরে-

- ১। নদীর ধারে একটি মৎস্য জেটি।
- ২। কমিউনিটি হল।

## ডায়মন্ড হারবার-১ ব্লক

### রামরামপুর সামুদ্রিক মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড (প্রস্তাবিত)

- ১। মৎস্য জেটি। জেটিট হবে ডি-জানা ভাটার অনতিদূরে পোর্ট কমিশনের অফিসের কাছে নদীর ধারে।
- ২। এই জেটি থেকে ৫০০ মিটার পাকা রাস্তা পীচ-রোড পর্যন্ত।
- ৪। একটি কমিউনিটি হল জেটি সংলগ্ন।



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

## পাথর প্রতিমা ব্লক

### শ্রীধরনগর মৎস্যজীবী ফোরাম

শ্রীধরনগর কয়াল বাজারের কাছে-

- ১। একটি মৎস্য জেটি।
- ২। জালসারার শেড।
- ৩। কমিউনিটি হল।
- ৪। শৌচালয়।

### সত্যদাসপুর আদিবাসী পাড়া -

- ১। ১০ টি সোলার লাইট।
- ২। ৫০০ মিটার রাস্তা।
- ৩। শৌচালয়।

## গোসাবা ব্লক

### সাতজেলিয়া দ্বীপ মৎস্যজীবী ফোরাম

- ১। জহর কলোনী (লাহিড়পুর অঞ্চল)-তে একটি জেটি, ১ টি কমিউনিটি হল এবং ৫ টি সোলার বাতি।
- ২। টিপলিঘেরী আদিবাসী পাড়ায় ১.৫ কিমি পাকা রাস্তা ও ৫ টি সোলার বাতি।
- ৩। ৪নং সোনাগাঁ, বিধবা পাড়া - রাস্তা, আলো, পানীয় জল।
- ৪। গোসাবা বাজার - মৎস্য জেটি।
- ৫। আমলামেথি - মৎস্য জেটি, সৌর বাতি।

## বাসন্তী ব্লক

### বাড়খালি

- ১। বরফ কল।
- ২। বাজার সংস্কার।
- ৩। শৌচাগার।

### পুরন্দর মৎস্যজীবী গ্রাম

- ১। রাস্তা - নদীঘাট থেকে বাজার, মুরখালি থেকে পুরন্দর হয়ে বাসন্তী বাজার।
- ২। আলো।
- ৩। শৌচাগার।
- ৪। পানীয় জল।
- ৫। কমিউনিটি হল।
- ৬। ড্রাই ডক।



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

## ক্যানিং ১ ব্লক

### মাতলা-২ জি.পি.

- ১। গোলকুঠি বালির খাল সংস্কার।
- ২। জেটি।
- ৩। সৌর আলো।
- ৪। ড্রাই ডক।
- ৫। শৌচাগার।

### রাজারলাট মৎস্যজীবী পাড়া

- ১। রাস্তা।
- ২। সৌর আলো।
- ৩। পানীয় জল।
- ৪। কমিউনিটি হল সংস্কার।

### সামুদ্রিক মৎস্যজীবী সমবায় সমিতি, তালডি

- ১। কমিউনিটি হল।
- ২। রাস্তা।
- ৩। পানীয় জল।
- ৪। শৌচাগার।
- ৫। জাল, নৌকো।

### ক্যানিং মাছঘাট বাজার

- ১। বাজারের স্বীকৃতি ও পঞ্জীকরণ।
- ২। আমূল সংস্কার।
- ৩। বর্জ্য ব্যবস্থাপনা - ভ্যাট।
- ৪। নিকাশি ব্যবস্থা।
- ৫। বাউন্ডারি দেওয়াল।
- ৬। বাজার থেকে মাছঘাট হয়ে স্লুইস গেট পর্যন্ত রাস্তা।
- ৭। গাড়ি পার্কিং ব্যবস্থা।
- ৮। হিমঘর।
- ৯। বরফ কল।

## ক্যানিং ২ ব্লক

### হেদিয়া-মৌখালি

- ১। কমিউনিটি হল।
- ২। রাস্তা।
- ৩। পানীয় জল।
- ৪। শৌচাগার।





# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

## উত্তর ২৪ পরগণা

### হিঙ্গলগঞ্জ ব্লক

সাধারণভাবে মৎস্যজীবীদের জাল-নৌকোর ব্যবস্থা ও বাসস্থানের সংস্থান প্রয়োজন। এ ব্যাপারে নির্দিষ্ট তথ্য সংগ্রহ করে দপ্তরকে দেওয়া হবে।

### কালিতলা

- ১। পারঘুমটি - জেটি নির্মাণ।
- ২। সৌর আলো।
- ৩। শৌচাগার।
- ৪। পানীয় জল।

### হেমনগর

- ১। বিরাম গায়েনের বাড়ির কাছে জেটি নির্মাণ।
- ২। সৌর আলো।
- ৩। শৌচাগার।
- ৪। পানীয় জল।
- ৫। মৎস্যজীবী সমবায় সমিতি তৈরী।
- ৬। বরফ কল।

### হেমনগর খেয়াঘাট

- ১। জেটি নির্মাণ।
- ২। সৌর আলো।
- ৩। শৌচাগার।
- ৪। পানীয় জল।

### যোগেশগঞ্জ - নটবর লঞ্চঘাট

- ১। জেটি নির্মাণ।
- ২। সৌর আলো।
- ৩। শৌচাগার।
- ৪। পানীয় জল।



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

## অন্যান্য কয়েকটি বিষয়ে সংক্ষিপ্ত মন্তব্য -

### প্রক্রিয়াকরণ ও শীতল শৃংখলঃ

সমবায় সমিতি, স্ব-নির্ভর গোষ্ঠী বা উৎপাদক দল তৈরী করায় উৎসাহ দিয়ে তাদের মাধ্যমে মাছ প্রক্রিয়াকরণ করা প্রয়োজন। এক্ষেত্রে উৎপাদিত পণ্যের ও উৎপাদন প্রক্রিয়ার মান নির্ধারণ করা ও বজায় রাখা অত্যন্ত জরুরি। এ বিষয়ে নির্দিষ্ট দায়িত্ব দিয়ে মৎস্যদপ্তরের শাখা থাকা দরকার।

শীতল শৃংখল বজায় রাখতে মৎস্য অবতরণ কেন্দ্রে হিমঘর, মৎস্য ভেন্ডরদের ও মৎস্য বাজারে মাছ ঠান্ডা রাখার ব্যবস্থা প্রয়োজন।

### সামুদ্রিক মৎস্যজীবী সমবায় সমিতিগুলির বিকাশঃ

মৎস্য দপ্তরের মাননীয় আধিকারিকদের সক্রিয় অংশগ্রহণে দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম মৎস্যজীবী সমবায় সমিতি সম্পর্কে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ আলোচনা সংগঠিত করে গত ৪ঠা ডিসেম্বর ২০১৫। ঐ আলোচনা সভায় সামুদ্রিক মৎস্যজীবী সমবায় সমিতিগুলির বর্তমান অবস্থা এবং সমস্যা ও সম্ভাবনা নিয়ে বিস্তারিতপর্যালোচনা করা হয়। অতি শীঘ্র এই বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন মৎস্যদপ্তরে পেশ করা হবে।

### মূল্য সংযোজক পণ্য প্রস্তুতিঃ

এই বিষয়ে প্রধান সমস্যা যথাযথ উদ্যোগের অভাব। মৎস্যজীবী সমবায় সমিতি বা উৎপাদক গোষ্ঠীগুলিকে সক্রিয়তার উপর নির্ভর করে এই কাজটি করতে হবে। বিষয়টির সাথে আর্থিক ও বানিজ্যিক ব্যবস্থাপনা, প্রযুক্তি ও মানব সম্পদের উপযোগ ইত্যাদি যুক্ত হয়ে আছে। সামুদ্রিক মৎস্যজীবী সমবায় সমিতিগুলির বিকাশ ও এই ধরনের পণ্য প্রস্তুতি অত্যন্ত ঘনিষ্ঠভাবে জড়িত।

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম মনে করে এই বিষয়ে সাধারণভাবে কাজ না করে যত্নের সাথে কয়েকটি উদাহরণ সৃষ্টিতে মনোযোগ দেওয়া উচিত।

### খাঁচায় মৎস্যচাষঃ

সমুদ্রে বা সন্নিহিত জলাশয়ে খাঁচায় মাছচাষে দূষণ, বৈদেশিক প্রজাতির মাছের কারণে বাস্তুতন্ত্রের বিপর্যয় এবং ক্ষুদ্র মৎস্যজীবীদের মৎস্যক্ষেত্রে যাতায়াতের সমস্যা হওয়ার সমূহ আশংকা। এই প্রক্রিয়াটিকে সামুদ্রিক মৎস্যক্ষেত্রে প্রয়োগ না করাই শ্রেয়।

### মৎস্য বৃদ্ধিকারক উপকরণঃ

সমুদ্রে মৎস্য বৃদ্ধিকারক উপকরণের উপযোগ ও ব্যবহার অনেকক্ষেত্রে ভালো ফল দিয়েছে। কতগুলি ক্ষেত্রে তা মৎস্য আহরণে কিছু বিঘ্নও সৃষ্টি করেছে। সতর্কতার সাথে, রক্ষাকবচ সহ সীমিতভাবে এই পদ্ধতির প্রয়োগ করা যেতে পারে।